আমার বাগান
CHILDREN'S BOOK TRUST
NEW DELHI

My Garden
Written and Illustrated by
Sigrun Srivastava

First English Edition: 1976

Amar Bagan
Bengali translation by Swapna Dutta
First Bengali Edition: January, 1986

ISBN 81-7011-312-1

Published by the Children's Book Trust, Nehru House
4, Bahadur Shah Zafar Marg, New Delhi and printed at
the Trust's press, the Indraprastha Press, New Delhi

আমার বাগান

ছবি ও লেখা : সিগ্‌রুণ শ্রীবাস্তব
অনুবাদ : স্বপ্না দত্ত

আমার বাগানটিকে আমি খুব ভালবাসি।
আমার বাগানের মালীও আমিই।

আমার বাগান খুব বড় নয়।
চৌকো এক ফালি জমি মাত্র।
কিন্তু বাগানটা বড় সুন্দর।
ওটা আমার নিজের কিনা।

বাগানে আমি খুব মন দিয়ে কাজ করি।
মাটি খুঁড়ে সেটাকে সমান করে দিই।
তারপর ছোট ছোট ফেরারী তৈরী করি।
এক একটা তরকারীর জন্য এক একটা।
আমার ফুলের জন্যও ফেরারী তৈরী করি।
কি সুন্দর আমার ফুলগুলো!

Radish
cabbage
beans

তারপর বীজ পুঁততে শুরু করি।
গাজর লাগাই, মটর লাগাই।
বেগুন আর পালংশাক,
বাঁধাকপি আর ফুলকপি।
আর সুন্দর সবুজ বড় বড় লংকা।
আমার বাবা লংকা খেতে
ভারী ভালবাসেন যে, তাই!

রোজ সকালে আমি বাগানে জল দিই।
আর কবে চারাগুলো বেরোবে
সেই অপেক্ষায় থাকি।
এক দিন দেখি।
দু দিন।
তিন দিন।
পুরো সপ্তাহটাই অপেক্ষা করে কাটে।
তারপর যখন সব আশাই ফুরিয়ে গেছে
তখন হঠাৎ মুলো গাছগুলো মাটি ফুঁড়ে ওঠে।
আমার এত আনন্দ হয় যে আমি নাচতে শুরু করি।

এবারে আমার প্রিয় ফুল আর তরকারীর
চারাগুলো তুলে নিয়ে তাদের নিজের নিজের
জায়গায় লাগিয়ে দিই।
তার মধ্যে ফ্লক্স থাকে, পিটুনিয়া থাকে।
আর থাকে লিলি আর ক্যালেণ্ডুলা।
শীতকালে গোলাপও হয়।
গোলাপগুলো কি সুন্দর আর কি মিষ্টি গন্ধ।

আমার বাগানে

রোদ

ঝলমল করছে ।

এবারে গাছের উপর
বৃষ্টি পড়ছে।
আস্তে আস্তে
টিপ টিপ টিপ টিপ করে।
বর্ষার সময়ে
আবার
জোরে জোরে
বৃষ্টি পড়ে।

কত ছোট ছোট প্রাণী আমার বাগানে ঘুরতে আসে।
প্রজাপতিরা আসে। মৌমাছিরা আসে।
কাঠবিড়ালি, কেঁচো আর ব্যাঙেরাও আসে।

ব্যাঙেরা আবার মুলোর উপর দিয়ে
লাফিয়ে লাফিয়ে যায়।
আর বৃষ্টি পড়লে বাঁধাকপির পাতার নীচে বসে থাকে।
ওরা বসলে আমার কিন্তু রাগ হয় না।
তখন ওদের দেখতে কি মজা লাগে।

কিন্তু পাশের বাড়ীর বেড়াল ভিংকি
আমার বাগানে এলে আমার ভারী রাগ হয়।
সে ইঁদুরের খোঁজে ফুলের ঝাড়ের মধ্যে লাফায় কিনা।
আমি যতই বলি যে 'আমার বাগানে ইঁদুর নেই'
সে মোটেই আমার কথা শোনে না
আর আমার লিলিফুলগুলো
মাড়িয়ে চলে যায়।
আমার ছোট্ট গোলাপী লিলিফুল!
তখন আমার কাঁদতে ইচ্ছে করে।

চড়ুই পাখিরাও আমার মন খারাপ করে দেয়।

তারা আমার পালং আর মটরগুলো ঠুকরে দেয়।

আমি তাদের ভয় দেখানোর জন্য

একটা কাকতাড়ুয়া তৈরী করলাম।

কিন্তু সেটা দেখে তারা মোটেই-ভয় পেল না।

সেদিনই আবার ফিরে এল।

আস্তে আস্তে এক সময় লংকাগুলো তোলার মত হয়।
টমেটোগুলো পেকে লাল হয়ে ওঠে।
আমি আমার ঝুড়িটি নিয়ে তরকারী তুলতে যাই।
রোজই অনেকগুলো তরকারী তোলার মত হয়।
যারা আমাকে আর আমার বাগান দেখতে আসে
তাদের সবাইকেই তার থেকে কিছু কিছু দিই।
তুমি কবে আসবে বলো তো ?
আমার সব ফুলগুলো ফুটেছে।
মটরগুলো সব তাজা আর মিষ্টি হয়ে উঠেছে।
এসো না, ভাই। কালই এসো।
আমি আমার বাগানে তোমার জন্য অপেক্ষা করব।

ISBN 81-7011-312-1

Rs 6.50

B 039